সারপঞ্চকং।

ভদ্রক—এইচ্—ই—বিদ্যালয়স্য প্রধানশিক্ষকেণ

শ্রীযুক্ত শরচ্চন্দ্রবন্দ্যোপাধ্যায়েন

প্রণীতং।

কলিকাতায়াম্

উদ্বোধনযন্ত্রে ত্রিগুণাতীতস্বামিনা মুদ্রিতং।

মূল্য ।৵০ মাত্র।

৮৯২২

প্রশংসাপত্র।

শ্রীযুক্ত বাবু শরচ্চন্দ্র বন্দোপাধ্যায়রচিত সারপঞ্চক পাঠ করিয়া পরম প্রীতি লাভ করিলাম—পদলালিত্য ও ভাবগাম্ভীর্য্যে কবিতাগুলি অতিশয় মনোহর হইয়াছে। বড় বড় পণ্ডিতদিগের প্রমুখাৎ আমি অনেক কবিতা শুনিয়াছি, কিন্তু এমন ভাবগর্ভক, পদলালিত্যবিশিষ্ট কবিতা কখন শ্রবণ করি নাই, ইদানিং এপ্রকার কবিতা প্রায় দুর্লভ—এ গ্রন্থরচয়িতা স্কুলের ইংরাজী শিক্ষক হইয়াও সর্ব্ব পণ্ডিতজনমনোহারী সংস্কৃতকবিতারচনায় যে এতদূর কৃতিত্ব দেখাইয়াছেন, তাহা অতীব বিস্ময়কর। কবিতাগুলি পাঠ করিলে প্রাচীন কবিতার মতন বোধ হয়, ইহা সংস্কৃত ভাষার একটি রত্নস্বরূপ হইবে, সাহস করিয়া বলিতে পারি; গ্রন্থরচয়িতামহাশয় দীর্ঘজীবী হউন, ঈশ্বরের নিকট প্রার্থনা।

শ্রীদামোদর দেবশর্ম্মনঃ
(বিদ্যাবাগীশস্য)

I have glanced over your "Nitishatastakam." You have happily caught the ring of the old masters, both in respect of your sentiments and expressions. You have remarkable powers of adaptation and your imagination is full of resources. Your style is simple, chaste and elegant. I wish you every success.

(Sd.) Nilkantha Mazumdar
Principal, Ravenshaw College.

13-1-99. CUTTUCK.

I hope that Babu Sarat chandra Banerjee's Sanskrit writings will be as widely known and appreciated as they deserve to be. His Krishna Prem Tarangini is one of these rare productions which can challenge comparison with the inimitable classic models of India. The excellence of that work is well maintained in his Panchasar, which seems destined to take rank with the master-pieces of Bhartrihari and Chanakya. The terse, graceful and idiomatic sanskrit of Panchasar will commend it to any lover of sanskrit literature.

(Sd.) Radha Nath Rai,

9-1-99.

JAJPUR.

সূচী।

সারপঞ্চকং

নীতিশতাষ্টকং।

দুর্জ্জনগণ ইহ দুর্জ্জনভক্তঃ
সজ্জনসত্বঃ সজ্জনসক্তঃ।
কস্তূর্য্যেণো দিবসবিহারী
ব্যাঘ্রঃ ক্রূরঃ ক্ষণদাচারী ॥ ১ ॥

দুর্জ্জন সতত যুটে দুর্জ্জনের পাশ।
সাধুর সতত প্রিয় সাধু সহবাস ॥
কস্তূরিকা মৃগ দেখ দিবসে বিহরে।
নিশায় আঁধারে ভ্রমে শার্দ্দূলনিকরে ॥

আর্জ্জবমনিশং মনুতে তুচ্ছং
দুর্জ্জনচিত্তং কুক্কুরপুচ্ছং।
কিন্তু স্যাচ্চেদ্বিপদুপযানং
ভুবি কিং সরলং তদ্বদসমানং ॥ ২ ॥

দুর্জ্জনের চিত্ত আর কুকুরের পুচ্ছ।
এ দোঁহে সারল্য গুণে সদা গণে তুচ্ছ ॥
কিন্তু বিপদের কাল উপস্থিত যবে।
সরল তাদের সম আর কেবা ভবে ॥

রূপৈর্মেয়াঃ সুগুণা নিত্যং
বাক্যমিদং নহি সম্যক্ সত্যং।
জলনিধিতোয়ং স্ফটিকসমানং
মানবলোকে কস্য সুপানং॥ ৩॥

রূপ যেথা গুণ সেথা সকলেই কয়।
কিন্তু এই কথা ভবে সদা সত্য নয়॥
যেহেতু কাচের মত অতি নিরমল।
সুপেয় কাহারো নহে জলধির জল॥

শ্মশ্রুব্রাতং জূটবিতানং
বিদ্ধি ন বুদ্ধেঃ সমুচিতমানং।
শ্মশ্রুলজটিলৌ যদি মতিভাজৌ
ন কথং বিজ্ঞাবজমৃগরাজৌ॥ ৪॥

দীর্ঘ শ্মশ্রু লোম আর জটার সম্ভার।
নিশ্চিত লক্ষণ লোকে নহে বিজ্ঞতার।
শ্মশ্রুজটাধারী যদি বিজ্ঞ হয় ভবে।
ছাগল কেশরী কেন অজ্ঞ হল তবে॥

সুজনসুবৃত্তং ন হরতি কষ্টং
দিনমণিরত্র নিদর্শনমিষ্টং।
মেঘে সত্যপি সবিতুস্তাপঃ
কিমতি নরাণাং ভবতি দুরাপঃ॥ ৫॥

কষ্টে পড়িলেও তবু না ছাড়ে সুজন।
আপন সুগুণ ইথে প্রমাণ তপন॥
মেঘাবৃত হইলেও দেখ দিনমণি।
বিতরেন নিজ তাপ তাপিতে ধরণী॥

হর্ম্ম্যস্থো বা কুট্যাং ক্লিষ্টঃ
সততং সজ্জন উন্নতচেষ্টঃ।
দর্ভস্থো বা ক্রমসংসক্তঃ
কিং স্বোচ্ছিখয়া বহ্নিস্ত্যক্তঃ॥ ৬॥

হর্ম্ম্যেই হউক কিম্বা কুটীরেই বাস।
সাধুর সদাই ভবে উন্নত প্রয়াস॥
দর্ভেই হউক কিম্বা ক্রমেই নিলয়।
ঊর্দ্ধশিখাহীন কভু হুতাশন নয়॥

পীড়াপ্রদমপি হৃদ্যপদার্থং
ত্যজতি ন লোক ইদং হি যথার্থং।
কুণ্ডলভারং বদ্‌যন্ত্রণদং
সহতে নারী শ্রোত্রে সমদং॥ ৭॥

পীড়াপ্রদ হইলেও প্রিয় যে পদার্থ।
না ত্যজে তাহায় লোক একথা যথার্থ॥
দেখহ যন্ত্রণাকর কুণ্ডলের ভার।
আনন্দে রমণী বহে শ্রবণে তাহার॥

জীবোঽপ্যবনাবতিতনুবীর্য্যঃ
প্রবলসহায়ঃ স্যাৎ কৃতকার্য্যঃ।
স্বল্পোঽপ্যনলোঽনিলসংযুক্তঃ
কিমিহ বিদগ্ধুং শালমশক্তঃ॥ ৮॥

প্রবল জনের বলে দুর্ব্বল যে জন।
অনায়াসে সাধে ভবে নিজ প্রয়োজন॥
দেখহ বনের মাঝে অনিলের বলে।
সামান্য অনল দহে বিশাল সরলে॥

সর্ব্বং সুমহদ্ভুবি যদ্দৃষ্টং
তল্লঘুসঙ্ঘৈরেব হি সৃষ্টং।
বিন্দুবিনির্ম্মিতমুদধেস্তোয়ং
রজসাং রাশির্গিরিরাজোঽয়ং ॥ ৯ ॥

বিশাল সামগ্রী ভবে দেখ যে সকল।
অণুদল যোগে তারা হয়েছে কেবল।
বিন্দুচয় বিনির্ম্মিত জলধির জল।
ধূলির সমষ্টি মাত্র মহাহিমাচল॥

পণ্ডিতজনকৃতশাস্ত্রবিচারং
মনুতে মূঢ়ঃ সর্ব্বমসারং।
রাজমুকুটমণিহাটকহারে
কুশুনঃ প্রীতিরিহ সংসারে ॥ ১০ ॥

পণ্ডিতে পণ্ডিতে হয় শাস্ত্রের বিচার।
মূর্খের নিকটে তাহা সকলি অসার॥
কুক্কুর আদর কভু করে কি সংসারে।
রাজার মুকুট মণি কাঞ্চনের হারে॥

ধনভাজ্যেবহি জীবপ্রীতিঃ
সর্ব্বত্রৈষা সততং রীতিঃ
সমুকুলচূতঃ কোকিলসঙ্গঃ
সাব্জসরোবরএব সভৃঙ্গঃ ॥ ১১ ॥

ধনীর প্রতিই সদা সকলের প্রীতি।
এ সংসারে সর্ব্বত্রই সদা এই রীতি॥
মুকুলিত চূতে দেখ পিকের আদর।
সনলিন সরোবরে আদরে ভ্রমর॥

নিত্যং জীবে ত্বং ভব শিষ্টঃ
শিষ্টাচারঃ ক্বাপি ন নষ্টঃ।
বংশশকলমপি সদয়ং স্পৃষ্টং
বদনবিলগ্নং বদতি সুমিষ্টং॥ ১২॥

জীবে শিষ্ট হও তুমি সকল সময়।
শিষ্টতা কোথাও ভবে বিফল না হয়॥
ধরিয়া কোমল ভাবে লইলে অধরে।
কর্কশ বংশও তোমা তুষিবে সুস্বরে॥

বাসোঽসংশয়মিহ সর্ব্বেষাং
ভবতি সমানঃ প্রকৃতেস্তেষাং
নিবসতি পিক ইহ পল্লবপূর্ণে
চূতে গৃধ্রঃ স্থাণৌ জীর্ণে॥ ১৩॥

স্বভাবের সম সদা সকলের গেহ।
হ'য়ে থাকে এ জগতে ইথে কি সন্দেহ॥
পল্লবিত চূতে দেখ পিকের নিবাস।
জরা জীর্ণ তরু পেলে গৃধ্রের উল্লাস॥

বিদ্যাহীনোঽপ্যতিশয়পূজ্যঃ
পুত্রৈর্জনিতা নতু সংত্যাজ্যঃ
স্যাচ্চেত্তীর্থং মার্জ্জনশূন্যং
তদপি ভবতি তদ্ভক্তৈর্মান্যং॥ ১৪॥

বিদ্যাহীন হইলেও জনক যে জন।
পুত্রের অত্যাজ্য তিনি পূজ্য অনুক্ষণ॥
মার্জন বিহীন যদি হয় তীর্থ-স্থান।
তথাপি ভক্তের তাহে উচিত সম্মান॥

সুখমিহ যত্নং দুঃখৈর্ব্যাপ্তং
ন বিনা দুঃখং সুখমত্রাপ্তং।
তদ্‌যদি কমলে বাঞ্ছা স্যাত্তে
ন গণয় কণ্টকপীড়াং চিত্তে॥ ১৫॥

নাহি হেন সুখ ভবে নাহি যাহে দুঃখ।
দুঃখ না সহিলে আগে কে লভিবে সুখ॥
কমল লভিতে তাই যদ্যপি বাসনা।
কণ্টক পীড়ন মনে না কর গণনা॥

উত্তমসঙ্গাদধমঃ পূজ্যঃ
সন্নপি সততং ভুবি সংত্যজ্যঃ।
গঙ্গাদরতো গঙ্গাভক্তঃ
কিন্ন শিরসি তৎকর্দ্দমপৃক্তঃ॥ ১৬॥

সাধুসহবাসগুণে অধম যে জন।
ত্যাজ্য হইয়াও ভবে পূজ্য অনুক্ষণ॥
গঙ্গার গৌরবে দেখ গঙ্গাভক্তগণ।
কর্দ্দম তাঁহার শিরে করয়ে ধারণ॥

সাধোঃ সঙ্গাদপি নহি দুষ্ট
প্রকৃতির্জন ইহ জাতঃ শিষ্টঃ।
কিন্ন ভুজঙ্গশ্চন্দনবাসী
জীবানামিহ জীবননাশী॥ ১৭॥

সাধু জন সঙ্গে যদি রহে অনুক্ষণ।
তবুও না হয় শিষ্ট দুষ্ট যেই জন॥
নহে কি চন্দন-বাসী অহি বিষধর।
সতত ধরণী ধামে প্রাণি প্রাণহর॥

যুদ্ধোৎপাতঃ প্রবলজনানাং
খল্বক্ষেমঃ স্যাৎ ক্ষুদ্রাণাং।
গুল্মধ্বংসী ভুবনখ্যাতঃ
শালোদ্ঘর্ষাদগ্নির্জাতঃ॥ ১৮ ॥

প্রবলে প্রবলে যবে বাধে মহারণ।
অমঙ্গল লভে তায় বহু হীন জন॥
শালে শালে ঘরষণে জন্মে যে অনল।
পুড়ে যায় দেখ তায় কত গুল্ম দল ॥ ১৮

মূঢ়ে নিহিতা যদি সৎকবিতা
ব্যর্থা খলু সা তস্মিন্ ভবিতা॥
স্যাচ্চেচ্ছক্কা মাক্ষিকবাহী
কিমসৌ স্যাত্তৎ সুরসগ্রাহী॥ ১৯॥

পড়ে যদি সুকবিতা মূঢ় জন হাতে।
বুঝে কি সে কভু আছে কি রস তাহাতে॥
পৃষ্ঠেতে মধুর ভার করে যে বহন।
জানে কি সে বৃষ মধু মধুর কেমন।

সন্নপি বিহিতোন্নতসহবাসঃ
সততং নীচঃ স্যান্নীচাশঃ।
কিন্ন গগনচরগৃধ্রসমষ্টিঃ
প্রেতালয়-শব-যোজিত-দৃষ্টিঃ॥ ২০॥

উচ্চসহবাসে যদি রহে অনুক্ষণ।
তবুও না ছাড়ে নীচ নীচতা আপন॥
দেখনা গগনচর শকুন সকল।
শ্মশানের শবে লক্ষ্য রাখয়ে কেবল॥

সাড়ম্বরমিহ সর্ব্বমসারং
তেন হি শূন্যং ভবতি সসারং।
কাংস্যাজ্জাতো ঘোরারাবঃ
স্বর্ণস্যোচ্চৈর্নাদাভাবঃ ॥ ২১ ॥

বহু আড়ম্বরযুত যে জন অসার।
নাহি আড়ম্বর তার আছে যার সার ॥
কাংস্য হ'তে ঘোর রব নিঃসরে যেমন।
স্বর্ণ হ'তে বল কভু হয় কি তেমন ॥

সদ্‌গ্রন্থপঠনান্নিত্যং
মনো ভবতি পুষ্কলং।
শরীরং পুষ্টতাং যাতি
যথাসুভোজ্যভোজনাৎ ॥ ২২ ॥

মন পুষ্ট হয় নিত্য সুগ্রন্থ পঠনে।
শরীর যেমন পুষ্ট সুভোজ্যভোজনে ॥

সক্ষারং জলধেস্তোয়ং
সকলঙ্কঃ ক্ষপাকরঃ।
সরোজঞ্চ সশৈবালং
কো মহান্ দোষবর্জ্জিতঃ ॥ ২৩ ॥

নির্ম্মল জলধিজল দেখ ক্ষারময়।
শশাঙ্কের অঙ্কে দেখ কলঙ্ক নিচয় ॥
শৈবালের সঙ্গে দেখ শতদল রয়।
কোন্ মহা বস্তু ভবে দোষযুক্ত নয়?

রুষিতে হৃদয়ে বাক্যং
সরসং পরুষায়তে।
জিহ্বায়াং পিত্তদুষ্টায়াং
সিতাপি কটুকায়তে॥ ২৪॥

রুষিত যে চিত তাহে মধুর বচন।
বোধ হয় ঠিক যেন বিষের মতন॥
পিত্তের প্রভাবে জিহ্বা হইলে দূষিত।
সুমধুর শর্করাও লাগে তাহে তিত॥

কোমলং ভাষণং মন্যে
জিহ্বায়াহি প্রয়োজনং
যতোঽস্যামস্থিসঞ্চারো
বিহিতো ন বিরিঞ্চিনা॥ ২৫॥

সকলে প্রয়োগ করা মধুর বচন।
বোধ হয় রসনার নিত্য প্রয়োজন॥
সেই হেতু বিধি তায় (হয় অনুমান)।
অস্থি সঞ্চারণ বিনা করিলা নির্ম্মাণ॥

জনানামনুরাগঃ স্যাৎ
বর্ণোৎকর্ষে ন কেবলং॥
স্বর্ণাভং কর্ণিকারং য-
ন্নির্গন্ধং পরিভূয়তে॥ ২৬॥

কেবল রূপেই লোক লোকের আদর।
না পায় কখন এই অবনী ভিতর॥
দেখ কর্ণিকার পুষ্প সুবর্ণবরণ।
গন্ধ বিনা বল তার কে করে যতন॥

শূরোহি কেশরী বাল্যাৎ
বাল্যাচ্ছূরৌ বৃকদ্বিপৌ।
কুলবৃত্তংহি জন্তূনাং
জায়তে সহ জন্মনা॥ ২৭॥

বাল্য কাল হইতেই বলিষ্ঠ কেশরী।
বাল্য কাল হইতেই বলী ব্যাঘ্র করী॥
নিজ নিজ-কুলক্রমাগত যে লক্ষণ।
জন্মকাল হ'তে তাহা পায় জীবগণ॥

হতঃ পাঠোঽনিবিষ্টস্য
দুষ্টস্য দুর্গতং হতং।
হতঞ্চ বর্ষণং সিন্ধা-
বূষরে কর্ষণং হতং॥ ২৮॥

নাহি ফল অন্যমনস্কের অধ্যয়নে।
দুর্গতিরো নাহি ফল হয় দুষ্ট জনে॥
বিফল জলধিজলে জল বরষণ।
উষর ভুমিতে কৃষি বিফল যেমন॥

অবিশ্বাসে বিষং সন্ধ্যা
স্বপ্নে চ শয়নং বিষং।
বিষং কাব্যং কঠোরস্য
শক্তস্য বশ্যতা বিষং॥ ২৯॥

তপ জপে গণে বিষ অবিশ্বাসী জন।
অনিদ্রায় বিষ বোধ হয় যে শয়ন॥
কঠোর জনের কাছে কাব্য বিষময়।
সমর্থের অধীনতা বিষ বোধ হয়॥

নিশায়ামমৃতং নিদ্রা
তৃষায়ামমৃতং জলং।
ক্ষুধায়ামমৃতং চান্নং
সাধুস্বোপার্জ্জিতং যদি ॥ ৩০ ॥

অমৃতের সম নিদ্রা ভুঞ্জিলে নিশায়।
অমৃতের মত জল পিয়িলে তৃষায় ॥
অন্নও ক্ষুধার কালে যেমন অমৃত।
হয়ে থাকে সদুপায়ে যদি স্বোপার্জ্জিত ॥

শোচ্যো মৃত্যুর্ন সত্যার্থং
বিদ্যার্থংহি ব্যয়ো যথা।
প্রবাসো বন্ধুনেহশোচ্যঃ
শোচ্যো ন সফলঃ শ্রমঃ ॥ ৩১ ॥

সত্যের লাগিয়া মৃত্যু কভু শোচ্য নয়।
শোচ্য নহে বিদ্যা লাগি হয় যেই ব্যয় ॥
প্রবাসে নাহিক শোক ধনের আশায়।
সফল হইলে শ্রম কিবা শোক তায় ॥

পুষ্পে পুষ্পে ন সৌগন্ধং
মাধুর্য্যং ন ফলে ফলে।
সজ্জনা বিরলা লোকে
নলিনং ন জলে জলে ॥ ৩২ ॥

নলিন যেমন নাহি রহে প্রতি জলে।
মাধুর্য্য যেমন নাহি রহে প্রতি ফলে ॥
প্রতিপুষ্পে যেমন না রহে পরিমল ॥
তেমতি সাধুর বাস নহে প্রতি স্থল ॥

দুর্ব্বলঃ সেব্যতে যোঽত্র
প্রবলৈঃ সততং স হি।
তটিনীধৌতমূলস্য
পাদপস্য দশাং ব্রজেৎ ॥ ৩৩ ॥

দুর্ব্বল যেজন যদি করে নিয়োজন।
প্রবল সেবকে নিজ সেবার কারণ ॥
তবে সে পাদপসম দশা ঘটে তার।
তরঙ্গিণী প্রবাহিনী মূলদেশে যার ॥

কালে দত্তং হি যদ্দানং
তদেব সফলং ভবেৎ।
শস্যপ্রয়োজনা বৃষ্টিঃ
শস্যনাশে হি নিষ্ফলা ॥ ৩৪ ॥

দত্ত হয় যেই দান অভাব সময়।
তাহাই সদাই ভবে সফল যে হয় ॥
শস্য লাগি হয় যে বৃষ্টির প্রয়োজন।
শস্য নষ্ট হ'লে তাহা শুধু অকারণ ॥

রাজ্যমরাজকং নিন্দ্যং
সৈন্যং নিন্দ্যমনায়কং।
অপ্রসূনং বনং নিন্দ্যং
মনোনিন্দ্যমনীশ্বরং ॥ ৩৫ ॥

নিন্দনীয় সেই দেশ রাজা নাহি যায়।
অনায়ক হ'লে সৈন্য নিন্দা করি তায় ॥
নিন্দনীয় হয় অতি অপ্রসূন বন।
সেই মত নিন্দনীয় অনীশ্বর মন ॥

মূঢ়োঽপি ভবতি প্রাজ্ঞ
স্তাড়নৈঃপাঠিতো যদি
শৈলোঽপি শোভতে শস্যৈঃ
প্রগাঢ়ং কর্ষিতো যদি ॥ ৩৬ ॥

করাইলে অধ্যয়ন করিয়া তাড়ন।
জ্ঞানবান্ হ'তে পারে মূঢ় যেই জন॥
গাঢ় রূপে করা যায় যদি করষণ।
কঠিন শৈলও শোভে শস্যেতে যেমন

রজকো দুর্দ্দিনং নিন্দে
ভানুং নিন্দেচ্চ দর্দ্দুরঃ
স্বামিনং স্বৈরিণী নিন্দেৎ
সর্ব্বং নিন্দেত্ত নিন্দকঃ ॥ ৩৭ ॥

রজক করয়ে নিন্দা ঘন বরষণে।
দর্দ্দুর করয়ে নিন্দা তপন কিরণে॥
স্বাধীনা রমণী নিন্দে পতি আপনার।
স্বভাবনিন্দক নিন্দে নিখিল সংসার॥

ভাগ্যং কুপুরুষোনিন্দে-
দ্গেহং নিন্দেৎ কুগেহিনী
কুনটশ্চত্তরং নিন্দে
দ্গুরুং নিন্দেৎ কুশিষ্যকঃ ॥ ৩৮ ॥

কুগেহিনী করে নিন্দা ভবনে আপন।
ভাগ্যকেই করে নিন্দা কাপুরুষ জন॥
কুনট করয়ে নিন্দা নর্ত্তন প্রাঙ্গণে।
গুরুকেই করে নিন্দা কুশিষ্য যেজন?

স্থান ভ্রষ্টো বলী নষ্টঃ
স্বস্থানে দুর্ব্বলোবলী
প্রতীপগমনা মীনা
বিকলা যজ্জলে গজাঃ ॥ ৩৯ ॥

স্বস্থানে রহিলে হয় দুর্ব্বল (ও) প্রবল।
স্থানচ্যুত হ'লে হয় প্রবল (ও) দুর্ব্বল ॥
পড়িলে যে জলস্রোতে গজ হয় ক্ষীণ।
বিপরীত দিকে তার যায় দেখ মীন ॥

কাঞ্চনং রজতং বিত্তং
বিত্তং ভুমি গজাদিকং
কিন্ত্বেতৎ সর্ব্ব বিত্তেষু
বিদ্যাবিত্তং বিশিষ্যতে ॥ ৪০ ॥

কাঞ্চন রজত ভবে প্রচলিত ধন।
ধন মধ্যে গণ্য আরো ভূম্যাদি বারণ ॥
সর্ব্ব ধন হ'তে কিন্তু আদর বিদ্যার।
বিদ্যাধন মহাধন তুল্য নাহি তার ॥

বিদ্যা রূপং কুরূপাণাং
নির্ধনানাঞ্চ সা ধনং
অনাথানাঞ্চ সা নাথঃ
কিং ধনং বিদ্যয়া সমং ॥ ৪১ ॥

কুরূপের রূপ বিদ্যা নির্ধনের ধন।
অনাথের নাথ বিদ্যা কি ধন তেমন ?

অনৃপা ধরণী শূন্যা
নৌকাঃ শূন্যা অনাবিকাঃ
অবৃক্ষা শরণী শূন্যা
সভাঃ শূন্যা অপণ্ডিতাঃ ॥ ৪২ ॥

শূন্য প্রায় সে ভূভাগ রাজা নাহি যায়।
নাবিক বিহীন তরী গণি শূন্য প্রায় ॥
শরণীরে শূন্য গণি তরু নাহি যাহে।
অপণ্ডিত হ'লে সভা শূন্য গণি তাহে ॥

স্বভাবেনৈব সাধুঃ স্যাৎ
সদনুষ্ঠান তৎপরঃ
তনোতি সৌরভং পুষ্পং
স্বভাবেনৈব কাননে ॥ ৪২ ॥

স্বভাবে সুকাজ সাধু সততই করে।
স্বভাবে কুসুম বনে সৌরভ বিতরে ॥

স্বভাবেনৈব দুষ্টঃ স্যাৎ
ক্রূর কর্ম্মা সদা ভুবি
বিনৈব কারণং যস্মা
দশেজ্জীবান্ ভুজঙ্গমঃ ॥ ৪৪ ॥

স্বভাবেই ভবে দুষ্ট ক্রুর কর্ম্মা হয়।
অকারণ দংশে জীবে ভুজঙ্গনিচয় ॥

অল্পানামপি জন্তূনাং
সঙ্গতির্মঙ্গলাত্মিকা
ক্ষুদ্রাণাং মক্ষিকাণাংহ
মেলনান্মধুলভ্যতে ॥ ৪৫ ॥

দুর্ব্বলেরো মেলে করে মঙ্গল বসতি।
মধু আহরয়ে দেখ মক্ষিকাসংহতি ॥

শিষ্যাণাং বিনয়ো রূপং
গুরো রূপং প্রসন্নতা
রাজভক্তিঃ প্রজা রূপং
রাজরূপং সুশাসনং ॥ ৪৬ ॥

নম্রতায় শোভে শিষ্য প্রসাদে শিক্ষক।
রাজপ্রেমে প্রজা ন্যায্যশাসনে শাসক ॥

অতিথি বৎসলা ধীরা
সুশীলা প্রিয়বাদিনী
পতিসেবা রতা নারী
কুল লক্ষ্মীঃ প্রকীর্ত্তিতা ॥ ৪৭ ॥

অতিথিবৎসলা আর মধুর ভাষিণী।
নিরন্তর পতিসেবরতা যে কামিনী ॥
সুচরিত্রযুতা আর ধীরা যেই হয়।
কুললক্ষ্মী বলি তাঁরে সর্ব্বজনে কয় ॥

দুঃশীলা চঞ্চলা ঘোরা
মুখরা কলহপ্রিয়া
পতিপুত্রাহিতা যা তু
সা নারী কুলপাংশুলা ॥ ৪৮ ॥

দুঃশীলা চঞ্চলা আর কলহকারিনী।
নিরন্তর পতি পুত্র অহিত প্রার্থিনী ॥
মুখরা ও ঘোররূপা যে রমণী হয়।
কুল কলঙ্কিনী বলি সবে তারে কয় ॥

সন্নিমিত্তে ধনং রক্ষেৎ
প্রাণান্ রক্ষেদ্ধনৈরপি
মানঞ্চ সততং রক্ষেৎ
প্রাণৈরপি ধনৈরপি ॥ ৪৯ ॥

সুকাযের লাগি সদা রক্ষা কর ধন।
সে ধনেও কর ব্যয় প্রাণের কারণ ॥
নাহি কিন্তু কিছু ভবে মানের সমান।
ধন প্রাণ দিয়া তাই রক্ষা কর মান ॥

ন কেবলং মহাবংশঃ
প্রসূতিহির্মহাত্মনাং
জায়তে যন্মণিঃ সর্পা
মুক্তা চ শুক্তিসম্ভবা ॥ ৫০ ॥

সুবংশেই হবে শুধু সাধুর উদয়।
একথা সতত ভবে সম্ভবত নয় ॥
মণির জনম দেখ সর্প হ'তে হয়।
শুক্তি হ'তে জন্মে পুনঃ মুকুতা নিচয় ॥

নির্ব্বিবাদং ক্ষমং বস্তুং
কন্দরৈকে মুনিদ্বয়ং
রাজ্যদ্বয়ে সদা যুদ্ধং
ভবেত্তু ভূপয়োর্দ্বয়োঃ ॥ ৫১ ॥

সক্ষম করিতে বাস দুই মুনিবর।
নির্বিবাদে সদা এক গুহার ভিতর॥
কিন্তু দুই রাজ্যে দেখ দুই নরবর।
কতই সংগ্রাম দোঁহে করে পরস্পর ॥

জায়তেঽতিভয়াল্লোকে
প্রায়শঃ সাহসোমহান্
নাবিকো দীপ্তপোতোয
দালিঙ্গতি মহার্ণবং ॥ ৫২ ॥

অতি ভয়ে দেখা যায় যথন তথন।
অতি সাহসিক কাজ করে জীবগণ ॥
সিন্ধুমাঝে পোতে যবে লাগে হুতাশন।
নির্ভীক নাবিক করে সিন্ধু আলিঙ্গন ॥

মোহাদন্বিষ্যতেঽন্যত্র
মূঢ়েনাত্মগতেশ্বরঃ
স্বগতো বাস হেতুর্য
ন্মৃগেনান্যত্র মৃগ্যতে ॥ ৫৩ ॥

আপন অন্তরগত ঈশে মূঢ়জন।
মোহবশে দেশে দেশে করে অন্বেষণ ॥
নাভীর সুবাস যথা মৃগ না জানিয়া।
মোহবশে আসে পাশে বেড়ায় খুঁজিয়া ॥

কাননে কাননাগ্নিঃ স্যা
দ্বাড়বাগ্নিশ্চ সাগরে
অতিক্রান্তৌ তু তাবগ্নী
জীবস্য জঠরাগ্নিনা ॥ ৫৪ ॥

বিষম বনাগ্নি জলে বনের ভিতর।
ঘোর বাড়বাগ্নি জ্বলে সাগর উপর ॥
তীব্রতায় এ দোঁহায় করে কিন্তু জয়।
জীবের জঠর অগ্নি সদা জ্বালাময় ॥

প্রাণ প্রয়োজনং ভোজ্যং
ভোজ্যচিন্তা ভয়ঙ্করী
দুষ্করং কুরুতে কার্য্যং
মানব স্তৎ প্রণোদিতঃ ॥ ৫৫ ॥

জীবনধারণ লাগি ভোজ্য প্রয়োজন।
ভোজ্য লাগি চিন্তা ভবে বড়ই ভীষণ ॥
সেই চিন্তা প্রণোদিত হ'য়ে জনগণ।
কতই দুষ্কর কার্য্য করিছে সাধন ॥

আরোহেদ্ভূধরং কোবা
কোবা সিন্ধুদরং বিশেৎ
পন্নগং ধারয়েৎ কোবা
ব্রজেৎ কোবা রণাঙ্গনং ॥ ৫৬ ॥

আরোহণ করে কেহ পর্ব্বত শিখর।
কেহ বা প্রবেশে গিয়া সাগর ভিতর ॥
কেহবা ধরিয়া করে পন্নগ খেলায়।
কেহবা করিতে রণ রণস্থলে যায় ॥

রণবীরো রণে জেতা
সভায়াং পণ্ডিতো জয়ী
ইন্দ্রিয়েষু জয়ী যস্তু
সোঽসৌ বিশ্বজয়ী ভবেৎ ॥ ৫৭ ॥

বীরবর করে জয় দেখ কত রণ।
সভা জয় করে কত সুপণ্ডিতজন ॥
কিন্তু যেইজন জিনে ইন্দ্রিয়ে আপন।
বিশ্বজয়ী বলি তারে করি যে গণন ॥

সত্যপিরিপু সঞ্চারে
ধৈর্য্যংধত্তে সতাং মনঃ
যাদসাং খেলনাদযদ্ব
দক্ষুব্ধমুদধের্জলং ॥ ৫৮ ॥

স্বব্যাপারে রত যদি রহে রিপুগণ।
তবুও বিচল তাহে নহে ধীরজন ॥
সাগর সলিল কভু না হয় চঞ্চল।
খেলায় যখন তাহে জলজন্তুদল ॥

স্থলে নষ্টো ভবেন্মীনো
জলেনষ্টো মহাগজঃ
গোষ্টেচ নৃপতি নষ্টো
গোপোনষ্টো নৃপাসনে ॥ ৫৯ ॥

হতবুদ্ধি হয় মীন পড়ে যদি স্থলে।
হতবুদ্ধি হয় গজ পড়ে যদি জলে ॥
হতবুদ্ধি হয় গোপ বসি নৃপাসনে।
নৃপতিও হতবুদ্ধি গোষ্ঠে গোচারণে ॥

পশূনাম্ ভোজনে চিন্তা
শিশূনাম্ ক্রীড়নে যথা
আরোগ্যে রোগিনাম্ চিন্তা
যোগিনাম্ জগদীশ্বরে ॥ ৬০ ॥

আরোগ্যে রোগীর চিন্তা পশুর ভোজনে
যোগীর ঈশ্বরে চিন্তা শিশুর ক্রীড়নে

স্ত্রী-হীনঃ পুরুষঃ শোচ্যোহ
নলিনীকোমলো যথা
বিধবা রমণী শোচ্যা
বিনলা নলিনী যথা ॥ ৬১ ॥

শোচনীয় হয় লোক হইলে স্ত্রী-হীন,
শোচনীয় যথা নাল বিহনে নলিন।
নারী ও পুরুষ বিনা শোচ্য অতিশয়,
শোচ্য যথা নালহীন নীল কুবলয়।

মেরুস্যান্মেদিনীরূপং
মেরুরূপং ভবেত্তরুঃ
পত্রাণি চ তরোরূপ
মীশ্বর সর্ব্বরূপকঃ ॥ ৬২ ॥

মেদিনীর রূপ সম যতেক ভূধর,
ভূধরের রূপ পুন পাদপ নিকর।
পাদপগণের পত্র রূপের সমান,
ঈশ্বরের রূপে কিন্তু সবে রূপবান্।

ঠ-22
20226
১৫।১৪।২০০৬

জলস্য জলজং ভূষা
বনভূষা বনস্পতিঃ
সভায়াঃ পণ্ডিতো ভূষা
কুলভূষা সুনন্দনঃ ॥ ৬৩ ॥

মনোহর সরসিজ জলের ভূষণ।
বনের ভূষণ দীর্ঘ বনস্পতিগণ ॥
সুপুত্রে তেমতি গণি কুলের ভূষণ।
সভার ভূষণ সদা সুপণ্ডিতজন ॥

সৎপুত্রঃ সদৃশী ভার্য্যা
সুভ্রাতা বুধবান্ধবঃ
যশঃ সৌভাগ্য মারোগ্যং
নাল্পয়াঃ সুকৃতেঃ ফলং ॥ ৬৪ ॥

গুণবান্ পুত্র আর জ্ঞানী মিত্রবর।
মনোমত ভার্য্যা আর সাধু সহোদর ॥
সুনাম সৌভাগ্য আর নীরোগ শরীর।
নিশ্চয় এসব ফল বহু সুকৃতির ॥

ভৃত্যোঽপত্যং ধনং ধান্যং
ভার্য্যা চ পরিচারিকা
পিতরৌ দৈবতে যস্য
গেহে তস্য সদা সুখং ॥ ৬৫ ॥

পুত্র যার ভৃত্যসম ধান্য যার ধন,
গৃহিনী বশেতে যার দাসীর মতন।
ইষ্ট দেব দেবীসম পিতা মাতা যার,
নিত্য সুখস্থান মরি ভবন তাহার।

ভোজ্যাভাবে বুভুক্ষাতি
দানশক্তি রবৈভবে
জড়তায়াং যশোলিপ্সা
নান্নায়া দুস্কৃতেঃ ফলং ॥ ৬৬ ॥

ক্ষুধা আছে খাদ্য নাই করিতে ভোজন।
দানশক্তি আছে কিন্তু নাহি কিছু ধন ॥
কর্ম্মে অনাশক্তি কিন্তু যশের বাসনা।
বহু পাপ ফল বলি করি যে গণনা ॥

মানবো মানবোলোকে
বিদ্যয়ালঙ্কৃতো যদি
কোলম্বকো ভবেদ্বীণা
তন্ত্রিভিঃ সংগতো যদি ॥ ৬৭ ॥

বিদ্যাযুক্ত হ'লে নরে নর বলা যায়।
কোলম্বকে বলি বীণা তন্ত্রী দিলে তায় ॥

সিংহঃশূরো বৃকঃশূরো
ন ভেদো বৃক সিংহয়োঃ
করি কুম্ভ বিদারেতু
সিংহঃ সিংহো বৃকোবৃকঃ ॥ ৬৮ ॥

কেশরী যেমন শূর ব্যাঘ্র ও তেমন।
বাহ্যতঃ প্রভেদ কিছু না করি দর্শন ॥
তাহাদের পরিচয় মিলে কিন্তু তবে।
করি কুম্ভ বিদারণ প্রয়োজন যবে ॥

সাধুষু বর্ত্ততে চিন্তা
বর্ত্ততে তস্করেষ্বপি
একাতু ভুবি পীয়ূষ
মপরা দুঃসহং বিষং ॥ ৬৯ ॥

সাধুর হৃদয়ে সদা চিন্তা করে বাস ।
চিন্তা করে বাস পুন তস্করের পাশ ॥
সাধুর সুচিন্তা কিন্তু পীয়ূষ ভুবনে ।
তস্করের চিন্তা রত বিষ বরষণে ॥

নাস্তি দান সম ধর্ম্মো
নাস্তি ধর্ম্ম সমঃ সুহৃৎ
নাস্তি ক্রোধ সমঃ শত্রু
র্নাস্তি মাতৃ সমোগুরুঃ ॥ ৭০ ॥

দান সম ধর্ম্ম নাহি, বন্ধু ধর্ম্ম সম ।
ক্রোধ সম শত্রু নাহি গুরু মাতৃসম ॥

লঙ্কায়াং সুলভং স্বর্ণং
রত্নানি চ হিমাচলে
ভাগ্যস্তু সুলভং পুংসাং
যত্র তত্রৈব ভূতলে ॥ ৭১ ॥

সুবর্ণ সুলভ অতি লঙ্কার ভিতরে ।
সুলভ রতনচয় হিমগিরিবরে ॥
পুরুষের ভাগ্য কিন্তু যথায় তথায় ।
সদাই সুলভ এই নিখিল ধরায় ॥

পরেশত্বং হি লোকানা
মাত্মেশ্বরতয়া মিতং
সম্পূর্ণাত্মেশ্বরত্বাদয
দীশ্বরো জগদীশ্বরঃ ॥ ৭২ ॥

যতই হইবে লোক প্রভু আপনার,
ততই হইবে লোকে প্রভুতা তাহার।
পূর্ণরূপে প্রভু যাই নিজের উপর,
তাই সে ঈশ্বর আজি জগৎ ঈশ্বর।

মধুরং রমণীগানং
মধুরং পিককূজিতং
তাভ্যাস্তু মধুরং সাধো
রার্ত্তপ্রবোধনং বচঃ ॥৭৩ ॥

রমণীর গান শুনি জুড়ায় শ্রবণ,
জুড়ায় শ্রবণ শুনি কোকিল-কূজন,
মিষ্টতায় এ দোঁহায় করে কিন্তু জয়,
কাতরে প্রবোধবাক্য সাধু যাহা কয়।

মুকুটে মৌক্তিকং মঞ্জুঃ
প্রসূনে হিমবিন্দবঃ
পরার্ত্তিজাশ্রুবিন্দুস্তু
তেভ্যোমঞ্জুঃ সদক্ষণি ॥ ৭৪ ॥

নৃপতি মুকুটে মুক্তা অতি মনোহর,
মনোহর হিমবিন্দু প্রসূন উপর,
চারুতায় এ দোঁহায় করে কিন্তু জয়,
পরদুঃখে সাধুচক্ষে অশ্রুবিন্দু বয়।

বন্যং বিফলং পুষ্পং
রত্নং রত্নাকরস্য চ
অবুদ্ধের্বিফলা বিদ্যা
ভীতস্য বিফলং বলং ॥ ৭৫ ॥

কাননে কুসুম ফুটে কেবল বিফলে,
বৃথায় বিরাজে রত্ন রত্নাকরতলে,
অবুদ্ধিজনের বিদ্যা বিফল কেবল,
ভীরুর রহিলে বল তাহে কিবা ফল।

নির্বৈরো নিরহঙ্কারঃ
সর্ব্বভূতহিতে রতঃ
ধর্ম্মাত্মা পণ্ডিতো যোহসৌ
সাধুরেব প্রকীর্ত্তিতঃ ॥ ৭৬ ॥

বৈরভাব নাহি যাঁর নাহি অহঙ্কার,
সর্ব্বজীবহিতব্রতে রত চিত যার,
ধার্ম্মিক যে জন আর পরম পণ্ডিত,
সেজন সজ্জন বলি ভুবনে বিদিত।

পতিরেব গতিঃ স্ত্রীণাং
লতানাং পাদপোগতিঃ
সরোজানাং গতিস্সূর্য্যঃ
সরিতাং সাগরো গতিঃ ॥ ৭৭ ॥

সরোজের গতি সূর্য্য পাদপ লতার,
সিন্ধু সরিতের গতি পতি প্রমদার

বিদ্যা বিশ্বেশ্বরে ভক্তিঃ
সৌহার্দ্দং শক্রমিত্রয়োঃ
সতাং পিত্রোঃ সপর্য্যাচ
নিত্যান্যেতানি সজ্জনে ॥ ৭৮ ॥

বিদ্যা আর অনুরাগ বিশ্বের ঈশ্বরে,
অতি ভালবাসা শক্র স্বজন উপরে,
জনক জননী সেবা সত্যসম্ভাষণ.
এসব গুণেতে নিত্য ভূষিত সুজন।

বাসোন সর্ব্বদা শ্রেয়া
নাশ্রয়ে মহতামপি
নহি বৃক্ষতলে বৃক্ষঃ
সম্পূর্ণং বর্দ্ধতে ক্বচিৎ ॥ ৭৯ ॥

হ'লেও মহৎ জন আশ্রয়ে তাহার,
সতত উচিত নহে নিবাস তোমার।
এক তরুতলে যদি অন্য তরু রয়,
দেখ পূর্ণরূপে তাহা বর্দ্ধিত না হয়।

বিপদ্ব্যাকুলিতে দেশে
ব্যাকুলোন ভবেদ্বুধঃ
বাতেন চঞ্চলঃসিন্ধু
র্নাচলস্তজ্জলস্থিতঃ ॥ ৮০ ॥

যে বিপদে বিচলিত সমগ্র প্রদেশ,
জ্ঞানীর নাহিক তায় বিচলতালেশ,
প্রভঞ্জনবলে যবে সিন্ধু টলমল,
বিরাজে ভূধর তায় অচল অটল।

ন তথা দুঃখদং নৃণাং
কিঞ্চিদস্তি মহীতলে
বিগতং যৎ সুখং তস্য
দুঃখে সংস্মরণং যথা ॥ ৮১ ॥

কষ্টকর ভবে আর কি আছে তেমন,
দুঃখকালে গতসুখ স্মরণ যেমন।

বালানাং বালকো বন্ধু
র্যূনাঞ্চ যুবক স্তথা
বৃদ্ধানাং বান্ধবো বৃদ্ধঃ
সাধবঃ সর্ব্ববান্ধবাঃ ॥ ৮২ ।

বালকের বন্ধু সদা বালক যে জন,
যুবকেয় সহ হয় যুবার মিলন,
বৃদ্ধের সহিত সদা মিলে বৃদ্ধ জন,
সর্ব্বজন সহ কিন্তু সাধুর মিলন।

স্বামিনা শোভতে নারী
শশিনা শর্ব্বরী যথা
জ্ঞানেন শোভতে বিদ্যা
নৃপেণ বসুধা যথা ॥ ৮৩ ॥

শশী সহবাসে যথা শোভে নিশিথিনী,
তেমনি পতির সহ শোভে সীমন্তিনী,
জ্ঞানের সহিত বিদ্যা শোভয়ে তেমন,
ধরাপতি সহ ধরা শোভয়ে যেমন।

পঠিতো বহুযত্নেন
জড়ো ন পণ্ডিতায়তে
তাড়িতো বহুযত্নেন
খরো ন তুরগায়তে ॥ ৮৪ ॥

করাইলে সযতনে সদা অধ্যয়ন,
জ্ঞানবান নাহি হয় মূঢ় যেই জন,
প্রতিদিন কষাঘাতে করিলে তাড়ন,
না শিখে গৰ্দ্দভ তবু অশ্বের গমন।

সেবিতো বহুযত্নেন
দুষ্টো ন সজ্জনায়তে
লালিতো বহুযত্নেন
কাকো ন কোকিলায়তে ॥ ৮৫ ॥

বহু সেবা করিলেও করিয়া যতন,
তবু নাহি হয় শিষ্ট দুষ্ট যেই জন,
যেমন যতন করি করিলে লালন,
তবুও না শিখে কাক কোকিলকূজন।

যদ্যত্রাবশ্যকং যস্য
বিধাত্রা বিহিতং হি তৎ
দীর্ঘলোমা ভবেৎ পশ্য
শীতদেশেষু লোমশঃ ॥ ৮৬ ॥

যেখানে যখন যাহা যার প্রয়োজন,
বিধির বিধান তায় দেখহ কেমন,
শীতল দেশেতে যেই মেষের আলয়,
দেখহ তাহার লোম কত দীর্ঘ হয়।

ক্ষীরঞ্চ স্তনয়োর্মাতুঃ
পশ্য যত্নেন সঞ্চিতং
পোষিতুং তনয়ং বাল্যে
প্রাগেব তস্য জন্মনঃ ॥ ৮৭ ॥

না জন্মিতে শিশু দেখ স্তনেতে মাতার,
পোষণের তরে তার দুগ্ধের সঞ্চার।

ন কদা তস্করঃ সাধু
ন কদা পণ্ডিতো ধনী
ন কদা নির্ধনো ধন্য
ন কদা ভূপতিঃ সুখী ॥ ৮৮ ॥

কথন কি হয় সাধু তস্কর যে জন,
হয় কি পণ্ডিত জন ধনী কদাচন,
হয় কি দরিদ্র কভু প্রশংসা ভাজন,
সম্ভব ভূপতি ভাগ্যে সুখ কি কখন।

কুপিতাসৌ চিন্তিতং ন
যেন পুত্রস্য মঙ্গলং
পুত্রোঽপি স্যাৎ কুপুত্রোঽসৌ
যোন পিত্রোর্বশেস্থিতঃ ॥ ৮৯ ॥

স্বপুত্রের শুভ চিন্তা না করে যে জন,
কুপিতা বলিয়া তারে করি যে গণন,
সে পুত্রেও কুপুত্র বলিয়া মনে হয়,
জনকজননীবশে যে পুত্র না রয়।

ভূপালনক্ষমা ভূপা
গোপা গোপালনক্ষমাঃ
সমমেব প্রশস্যাস্তে
কৃষকাশ্চ কৃষীক্ষমাঃ ॥ ৯০ ॥

ভূপালন ধর্ম্মে অতি পটু যে ভূপাল,
গোপালনধর্ম্মে অতি পটু যে গোপাল,
কৃষীকর্ম্মে পটু অতি কৃষক যে জন,
সমরূপে সবে তারা প্রশংসাভাজন।

ব্যাকুলো ন ভবেন্মূঢ়
স্তত্ত্বজিজ্ঞাসয়া ক্বচিৎ
বন্ধ্যাং ন বাধতে নূনং
সুতোৎপাদনবেদনা ॥ ৯১ ॥

ঈশতত্ত্ব বুঝিবার ইচ্ছায় কখন,
ব্যাকুল না হয় ভবে মূঢ়জনগণ।
বিধির বিধানে বন্ধ্যা হয় যে ললনা,
সে কি জানে কেমন সে প্রসববেদনা।

প্রভূতবলসম্পন্নাঃ
শূরাঃ সুন্দরদর্শনাঃ
ন শোভন্তে পরাধীনা
আলানেষু যথা গজাঃ ॥ ৯২ ॥

রহিলেও কায়ে বহু বলের সঞ্চার,
হ'লেও সাহসী আর সুন্দর আকার,
শোভা নাহি পায় লোক পরাধীনতায়,
আলানে শৃঙ্খলে বাঁধা গজরাজপ্রায়।

কুমন্ত্রৈরপি দুষ্টানাং
বিমুগ্ধোন ভবেৎ সুধীঃ
গজৈরালোড্যমানোঽপি
নাবিলঃ স্যান্মহাহ্রদঃ ॥ ৯৩ ॥

কুমন্ত্রণা দেয় যদি সদা দুষ্টগণ,
বিমুগ্ধ না হয় সুধী জন মন,
গজে যদি করে মহাহ্রদ আন্দোলন
না হয় তাহার জল আবিল কখন।

বুদ্ধ্যাচ বিদ্যয়া হীনো
হীনশ্চাপি ধনেন যঃ
মানবেষু ন গণ্যোঽসৌ
জীবন্নপি ন জীবতি ॥ ৯৪ ॥

বুদ্ধি বিদ্যা নাহি যার নাহি যার ধন,
অগণ্য সে ভবে তার জীবন(ই)মরণ।

বিদ্যা নোদরবৃত্তিঃস্যাৎ
সা তু যা দর্শিতেশ্বরা
নোচ্যতে হি সরিৎ খাতং
যা সিন্ধুপ্রাপিকাতু সা ॥ ৯৫ ॥

ঈশজ্ঞান হয় যার বিদ্যা বলি তায়।
আর আর বিদ্যা শুধু জীবন উপায় ॥
নদী বলি তায় যাহা সাগরে মিশায়।
অন্য জলাশয় খ্যাত খাত এ আখ্যায় ॥

হীনোঽপ্যবমতোঽত্যর্থং
প্রতিকারপরোভবেৎ
রজোহি স্যাৎ শিরোস্পর্শি
পাদাঘাতপ্রদায়িনঃ ॥ ৯৬ ॥

হীন জন(ও) ক'রে থাকে প্রতিশোধ দান,
করে যদি কেহ তার অপমান।
পদাঘাতে কর তুমি ধূলিরে তাড়ন,
ধূলাও করিবে তব শিরে আক্রমণ।

চিন্তিতানাং কুতঃ স্বাস্থ্যং
সালস্যানাং কুতঃ সুখং
নাস্তিকানাং কুতঃ শান্তিঃ
কুতঃ ক্ষান্তিশ্চ কোপিনাং ॥ ৯৭ ॥

চিন্তিতের স্বাস্থ্য কোথা নাস্তিকের শান্তি।
অলসের সুখ কোথা ক্রোধিতের ক্ষান্তি ॥

মূকতাতি প্রশংসায়াং
কুৎসায়াং বাবদূকতা
পরস্যোয়ং হি দুষ্টানাং
রীতিঃ প্রকৃতিসম্ভবা ॥ ৯৮ ॥

স্বভাবতঃ মূক খল পরপ্রশংসায়,
স্বভাবতঃ বাগ্মী পুনঃ পরের নিন্দায় ॥

উগ্রোঽপি স্যাৎ প্রশান্তোঽস্মিন্
লোকে লোকোহি বার্দ্ধকে
প্রকামালোকনীয়ো য
দ্দিনান্তে স্যাদ্দিবাকরঃ ॥১০৫॥

উগ্রলোক(ও) শান্ত হয় বৃদ্ধ অবস্থায়।
সহজদর্শন রবি দেখহ সন্ধ্যায় ॥

ধনক্ষয়ে ধনী শীর্ণো
বীরশ্চ বিক্রমক্ষয়ে
ক্ষপাক্ষয়ে শশী শীর্ণো
জলানি জলদক্ষয়ে ॥ ১০৬ ॥

ধনক্ষয় হ'লে পরে ধনী শীর্ণ হয়।
বীর শীর্ণ হয় হ'লে বিক্রমের ক্ষয় ॥
নিশাক্ষয় হ'লে শীর্ণ হয় শশধর।
জলাশয় শীর্ণ যবে শীর্ণ জলধর ॥

গুণানাং ব্যত্যয়োন স্যা
দ্দ্রব্যাণাং নামব্যত্যয়ে
বিষং চেদ্বদ পীযূষং
ন বিষং সুরসায়তে ॥ ১০৭ ॥

কর যদি তুমি কারো নামের ব্যত্যয়,
গুণের ব্যত্যয় তার তাহাতে কি হয়?
গরলে পীযূষ বলি যদি কেহ কয়,
গরল গরল(ই) থাকে সুরস না হয়।

উত্তমা শোভতে বিদ্যা
চরিত্রে নীতিমার্জ্জিতে
শরৎসম্মার্জ্জিতাকাশে
সম্পূর্ণেন্দুকলা যথা ॥ ১০৮ ॥

সুনীতিমার্জ্জিত যদি সুচরিত্র হয়,
তাহাতে উত্তম বিদ্যা বড়ই শোভয়,
পূর্ণশশধররেখা যথা শোভা পায়,
শরৎমার্জ্জিত নীল আকাশের গায়।

সমাপ্তং।

মায়াকুণ্ডং।

রে রে মানব জিতধনতৃষ্ণঃ
সততং চিত্তে চিন্তয় কৃষ্ণং
কৃষ্ণোনূনং করুণাসিন্ধুঃ
কৃষ্ণাদন্যঃ কস্তে বন্ধুঃ ॥ ১ ॥

পরিহরি ধনচিন্তা শুন ওহে নর,
শ্রীকৃষ্ণের চিন্তা চিত্তে কর নিরন্তর,
কৃষ্ণই ধরণীমাঝে কৃপা পারাবার,
কৃষ্ণ ভিন্ন অন্য বন্ধু কে আছে তোমার।

কৃষ্ণো ভ্রাতা জনিতা মাতা
বুদ্ধিঃসিদ্ধিঃ সম্পৎপাতা
চিন্তা চিন্ত্যঃ কাম্যঃ কামঃ
সর্ব্বস্যাসৌ প্রাণারামঃ ॥ ২ ॥

সোদর কৃষ্ণই কৃষ্ণ জননী জনক,
বুদ্ধি সিদ্ধি ধন কৃষ্ণ কৃষ্ণই পালক,
চিন্তা, চিন্তনীয় কৃষ্ণ, কৃষ্ণ কাম্য, কাম,
বিশ্বসৃষ্টিমাঝে কৃষ্ণ সর্ব্বপ্রাণারাম ॥

কামঃ কিন্তে পরধনরত্নং
জেতুং স্বজয়ে যোজয় যত্নং
আত্মজয়াদযল্লব্ধমমূল্যং
কৃষ্ণধনং তৎকেন ন তুল্যং ॥ ৩ ॥

পরধনরত্নজয়ে কেন কর মন ?
স্বজয়ে সতত ভাই করহ যতন।
আত্মজয় হ'লে লাভ হবে কৃষ্ণধন,
অতুল এ ভবমাঝে অমূল্যরতন।

বাঞ্ছসি চেত্ত্বং পাপাত্ত্রাণং
তৎ কুরু কৃষ্ণে ধ্যানং জ্ঞানং
জীবানাং স হি মোক্ষবিধাতা
তস্মাদন্যঃ কস্তে ত্রাতা ॥ ৪ ॥

নাশিতে কলুষরাশি আছে যদি মন,
ধ্যান জ্ঞান কৃষ্ণপদে কর সমর্পণ,
কৃষ্ণই জীবের ভবে গতি মুক্তিদাতা,
কৃষ্ণ ভিন্ন কে তোমার আছে অন্য ত্রাতা।

তন্নাম সুখং খলু সংসারে
নৌশ্চরণং ভবপারাবারে
তস্মাদ্ভজ তং সর্ব্বমনিত্যং
বিত্তং হিত্বাশ্রয় তং নিত্যং ॥ ৫ ॥

সুমিষ্ট কৃষ্ণের নাম সুখ এ সংসারে,
চরণ তাঁহার তরী ভব পারাবারে।
অনিত্য বিভব সব তেয়াগিয়া তাই,
নিত্যধন কৃষ্ণে তুমি সার কর ভাই।

দৈন্যং পুণ্যং শৌর্য্যং বীর্য্যং
স্নানং দানং মহিমা ধৈর্য্যং
মুরহরবর্জ্জং যদি তৎকার্য্যং
সর্ব্বমকারণমিদমবধার্য্যং ॥ ৬ ॥

পবিত্রতা সরলতা দীনতা ধীরতা,
স্নান দান জপ যজ্ঞ শূরতা বীরতা,
অকারণ কৃষ্ণার্চ্চন বিনা এ সকল,
কৃষ্ণপ্রেম নাহি যাহে তাহে কিবা ফল।

যাবদ্দূরে তিষ্ঠতি মরণং
চিন্তয় তাবন্মাধবচরণং
জীর্ণে দেহে যত্তচ্ছরণং
দীপ্তে ভবনে বাপীখননং ॥ ৭ ॥

যখন দূরেতে তব আছয়ে মরণ,
তখনি করহ চিন্তা হরির চরণ,
জরাজীর্ণ হ'য়ে করা তাঁহার সাধন,
সে কেবল দীঘি কাটা জ্বলিলে ভবন॥

শশধরভাস্করদিক্‌পতিবর্গাঃ
সপ্তরসাতলধরণীস্বর্গাঃ
যন্মায়া তং স্মরমতিমায়ং
চিন্তয় চেতস্যজমনপায়ং ॥ ৮ ॥

দিনকর শশী স্বর্গ ধরণীমণ্ডল,
দশদিক্‌পতি আর সপ্তরসাতল,
এসব যাঁহার মায়া অনাদি অমর,
মায়াতীত সেই কৃষ্ণে স্মর নিরন্তর।

গেহে গহনে দেশ বিদেশে
ভূষণে বসনে স্বীয় বিশেষে
সর্ব্বত্রাস্মিন্ তস্য স্থানং
ক্রিয়তামিত্থং চিত্তে জ্ঞানং ॥ ৯ ॥

স্বদেশে বিদেশে কিম্বা ভবনে গহনে,
স্বীয় অবয়বে কিম্বা ভূষণে বসনে,
সর্ব্বত্র সমানভাবে তাঁর অবস্থান,
চিত্তে থাকে যেন সদা এই তত্ত্বজ্ঞান।

বিত্তাজবনে সন্নবিরাগঃ
ক্রীড়তি যস্তে মানসনাগঃ
সংমনুতে স্বংনূনমতন্ত্রং
বিদ্ধিতদঙ্কুশমচ্যুতমন্ত্রং ॥ ১০ ॥

বিভব নলিন বনে অতি সুখ মনে,
যে তব মানসকরি নিরত ভ্রমণে,
আপনা গণিছে যেই সদাই স্বতন্ত্র,
তাহার অঙ্কুশ শুধু মুরহরমন্ত্র।

কান্তাকাঞ্চনধরণীভোগঃ
স্যাদিহলোকে স্ফুটতর রোগঃ
কাঙ্ক্ষসি মোক্ষং তস্মাচ্চেত্ত্বং
ভেষজমাহর মুরহরতত্ত্বং ॥ ১১ ॥

কামিনী কাঞ্চন আর ধরণী সম্ভোগ,
ঘেরেছে সংসারে নরে এ বিষম রোগ,
এ রোগ হইতে যদি চাহ পরিত্রাণ,
মুরহর তত্ত্বৌষধ করহ সন্ধান।

শ্রবণবিলোচনবৃত্ত্যভিভঙ্গং
জাতং জরয়া কাতরমঙ্গং
শক্রশরাসনসমমতিবক্রং
তদপি ন পশ্যসি মায়াচক্রং ॥ ১২ ॥

নেত্র হ'ল দৃষ্টিহীন শ্রবণ বধির,
জরায় কাতর তব হইল শরীর,
শক্রধনু সম ভাই হইয়াছ বক্র,
তবু না বুঝিতে পার মায়ার কুচক্র।

জূটকপটলবিমণ্ডিতং মুণ্ডং
করধৃতভীষণশাসনদণ্ডং
দৃষ্ট্বা নিকটং বিকটং কালং
পুষ্যসি কিমিতি ত্বং ভ্রমজালং ॥ ১৩ ॥

জটাজূটবিমণ্ডিত বিকটআকার,
ভীষণ শাসনদণ্ড করেতে যাহার,
ক্রমেই নিকটে তব আসিতেছে যম,
তবু না ছাড়িছ কেন মায়া মোহ ভ্রম।

তাক্ত্বা তূর্ণং মমতাং গেহে
ধনজনযৌবনজীবনদেহে
চিন্তয় কৃষ্ণং চিত্তেন ত্বং
তস্মিন্নর্পয্য সর্ব্বমমত্বং ॥ ১৪ ॥

তরুণতা ধন জন জীবন দেহের,
ছাড়িয়া মমতা আর আপন গেহের,
ত্বরায় করহে কৃষ্ণে হৃদয়ে স্মরণ,
কৃষ্ণেই মমতা সব করহ অর্পণ।

পূজয় যাজনযজনে কৃষ্ণং
সংস্মর জাগরশয়নে কৃষ্ণং
ভাবয় হৃদয়ে সততং কৃষ্ণং
পশ্য হ্যখিলে বিততং কৃষ্ণং ॥ ১৫ ॥

কৃষ্ণের (ই) করহ পূজা যজন যাজনে,
কৃষ্ণের (ই) করহ ধ্যান নিদ্রা জাগরণে,
কৃষ্ণকেই ভাব সদা হৃদয়ে তোমার,
কৃষ্ণময় হের ভাই সকল সংসার।

কলকলসঙ্কুলতরলতরঙ্গা
নিখিলভুবনজনভবভয়ভঙ্গা
গঙ্গা যৎপদকমলাজ্জাতা
নাস্তি ততঃ খলু মঙ্গলদাতা ॥ ১৬ ॥

কলকলসমাকুলতরঙ্গমালিনী,
পরম মঙ্গলময়ী ত্রিলোকতারিণী,
উপজিল হেন গঙ্গা শ্রীপদে যাঁহার,
তাঁর সম শুভদাতা কে আছে তোমার।

কোটিসুধাকরনিন্দকবদনং
কুন্দকদম্বকসুন্দররদনং
ভাবয় নিত্যং তমভবদমনং
নবভবদম্বুজসন্নিভকমনং ॥ ১৭ ॥

কুন্দ কুসুমের সম যাহার রদন,
কোটি সুধাকর জিনি যাঁহার বদন,
স্মর ভাই নব ঘন সমান সুন্দর,
অমঙ্গলহর সেই কৃষ্ণে নিরন্তর।

সমাপ্তং

কৃষ্ণাষ্টকং।

কৃষ্ণ কৃপাময় মুরনরকারে
নটবর নাবিক ভবজলপারে
হৃদি মে তিষ্ঠতি বহু মূঢ়ত্বং
তেন ন জানে তব গুণতত্ত্বং ॥ ১ ॥

হে কৃষ্ণ করুণাময় মুরনরকারি,
নটবর ভবনীরে পারের কাণ্ডারী,
ঘোর মূঢ়তায় পূর্ণ হৃদয় আমার,
আমি কি জানিব প্রভু স্বরূপ তোমার।

নিখিলজনানাং ত্বমসি ত্রাতা
ত্বমসি সুরেশ্বর বিশ্ববিধাতা
যামি শরণমিহ তব চরণান্তে
সজলজলদনিভনীলিমকান্তে ॥ ২ ॥

চরাচর সকলের তুমি পরিত্রাতা,
তুমি দেব সুরেশ্বর বিশ্বের বিধাতা,
সজল জলদ সম হে নীলবরণ,
তোমার চরণপ্রান্তে মাগিছে শরণ।

পাহি পরাৎপর মামতিহীনং
পাপবিষয়রতমতিশয়দীনং
ত্বত্তোরক্ষতি কোমামন্য
স্ত্বমসি ভবেশ্বর সর্ব্বশরণ্যঃ ॥ ৩ ॥

রাখ মোরে পরাৎপর আমি অতি হীন,
সতত নিরত পাপে অতিশয় দীন,
তোমা ভিন্ন অন্য কেবা রাখিবে আমায়,
তুমি ভবেশ্বর ভবে সবার সহায়।

ভীমভবার্ণবমজ্জনকষ্টং
কুরু কৃপয়া মম কেশব নষ্টং
লব্ধা স্যাচ্চেত্তব পদভেলা
ভবজলতরণং মযত্যতিখেলা ॥ ৪ ॥

ভীম ভবসিন্ধুজলে ডুবে মরি হরি,
নাশ সে যাতনা মোর তুমি কৃপা করি,
শ্রীপদপঙ্কজভেলা যদি আমি পাই,
অনায়াসে ভবসিন্ধুপারে চ'লে যাই।

অমরনিকরমরবাঞ্ছিতমমলং
ফুল্লকমলমিব তব পদযুগলং
বিতর দনুজদর সর্ব্বশরণ্যং
ভূধরধর কুরু মামতিধন্যং ॥ ৫ ॥

সুরনরগণ যাহা সদা বাঞ্ছা করে,
প্রফুল্ল সরোজ সম শোভা যাহা ধরে,
দনুজারি গিরিধারী সবার শরণ্য,
বিমল সে পদ দানে কর মোরে ধন্য।

গাঢ়কলুষকুলকর্দ্দমগূঢ়ং
যাদব মাধব মামবমূঢ়ং
হর মে মুরহর পাতকজালং
ত্বন্মামন্যস্ত্রাতুং নালং ॥ ৬ ॥

বিষমকলুষপঙ্কে পড়ে প্রাণ যায়,
হে যাদব হে মাধব রাখহে আমায়,
ওহে মুরহর হর পাতক আমার,
তুমি না তারিলে মোরে কে তারিবে আর।

জলধিসুতাধর চূর্ণয় তূর্ণং
কামকৃতং মম পাতকপূর্ণং
ত্বয়ি তু দয়াময় ভাবয় ভক্তিং
কেশিমথন মম কামবিরক্তিং ॥ ৭ ॥

ওহে পদ্মালয়াপতি শীঘ্র কর চূর্ণ,
সকাম করম মম পাপপরিপূর্ণ,
নিষ্কাম ভকতি যাহে তোমাতেই রয়,
হে কেশিমথন তাই কর দয়াময়।

কালভয়াত্ত্বামনিশং বন্দে
কুরু করুণামিহ ময্যতিমন্দে
দত্ত্বা চরণে চরমে স্থানং
রক্ষহে মাধব মামজ্ঞানং ॥ ৮ ॥

কালভয়ে সদা তোমা ডাকিহে শ্রীপতি,
করুণাপ্রকাশ দেব কর মোর প্রতি,
অন্তিমে চরণপ্রান্তে স্থান দান করি,
রাখ এ অজ্ঞানজনে এই ভিক্ষা হরি ॥

শ্রীশবশম্বদ সারদচন্দ্রে
ভণতি বুধা ইদমবিদিতন্দ্রে
কৃষ্ণাষ্টকমতিললিতমুদারং
পঠত জপত ভবসাগরসারং ॥ ৯ ॥

শ্রীকৃষ্ণচিন্তনে সদা জাগরিত চিত ।
দ্বিজ শরদিন্দু রচে সরল ললিত ॥
শ্রীকৃষ্ণ অষ্টকএই ভবসিন্ধুসার ।
স্মরণ পঠন সুধি কর বারম্বার ॥

সমাপ্তং ।

বিষ্ণুশতকং ।

জয় সুরেশসুন্দর	গৃহীতমন্দর	রমামনোহর	রমেশ্বর
জয় নিকুঞ্জনাগর	চরাচরাকর	সুরেশসাগর	সুতাবর
জয় মুকুন্দ মাধব	যতীশ যাদব	পরেশ কেশব	পরাৎপর
জয় খলান্তকারক	দুরন্তদারক	ভয়াপহারক	ভবেশ্বর
জয় গদাব্জধারণ	বিধাতৃকারণ	সুরারিবারণ	সুরেশ্বর
জয় দশাস্যশাতন	খগেশকেতন	জিতাঘপূতন	চতুষ্কর
জয় সরোজলোচন	গজেশমোচন	মহেশমোহন	মহেশ্বর
জয় হরে হৃতজ্বর	পয়োদসুন্দর	শিখণ্ডশেখর	শুভঙ্কর
জয় সরোরুহাসন	হতনিলাশন	কৃতান্তশাসন	সদীশ্বর
জয় জনার্ত্তিসংহর	নবারুণাধর	ধরাধরাধর	ধুরন্ধর
জয় জলন্ধরান্তক	জনান্তকারক	দিগন্তসারক	নিরন্তর
জয় মুরান্তকাচ্যুত	সুরাসুরস্তুত	পরন্তপাদ্ভুত	ধনুর্দ্ধর

জয় জগৎপ্রচালক	শরণ্যপালক	বরেণ্যবালক	বরেশ্বর
জয় বিভো নিরঞ্জন	বিপদ্বিভঞ্জন	মনোজরঞ্জন	রমেশ্বর
জয় বকাসুনাশন	সুধাসুখাশন	হৃষীকশাসন	শিবেশ্বর
জয় সনাতনাজিত	পিতৃর্জগদ্ধিত	শচীশপূজিত	সুখেশ্বর
জয় যশোবিবর্দ্ধন	খরাসুরার্দ্দন	মহীজমর্দ্দন	মহত্তর
জয় তমাল মেদুর	বিভাতিভাসুর	মহামহাসুর	মহোদর
জয় অযোনিসম্ভব	অনন্ত রাঘব	জলেশজধ্বব	জনেশ্বর
জয় গুরো গুণাকর	নরোত্তমামর	মরামরোত্তর	নিরুত্তর
জয় পয়োধিভূধর	রবীন্দুবাসর	চরাচরেশ্বর	নিরীশ্বর

নবজলধরনীলং কালিয়ব্যালকালং
কলিতললিতযুথীমালতীজালমালং
নিখিলভুবনপালং রাসলীলারসালং
স্মরত মনসি নিত্যং ব্রহ্মগোপালবালং ॥

সমাপ্তং।

প্রার্থনা।

যাচেঽনন্তে চরণশরণং শান্তসর্ব্বোপতাপং
সংসারেঽস্মিন্ প্রচুরদুরিতৈর্দূয়মানান্তরাত্মা
মোহান্ধস্য স্বজনভরণোদ্ভাবনা ভ্রান্তবুদ্ধেঃ
পাপান্তং মে কুরু করুণয়া সর্ব্বজীবৈকবন্ধো ॥
বাল্যে লীলাকুতুকনিরতোনাস্মরন্ত্বাং কদাচিৎ
ধ্যাতুং ন ত্বাং তরুণসময়ে কামুকোঽহং শশাক
বৃদ্ধস্যার্ত্তিব্যথিতবপুষ স্বস্মৃতির্মে চচাল
প্রাণান্তেঽস্মিন্ কমিহশরণং দীনবন্ধো ব্রজামি ॥

নাস্তীয়ত্তা তব গুণনিধে স্নিগ্ধভাবস্য লোকে
প্রেমাধারস্তমসি করুণাসাগর শ্রীনিবাস
ক্ষন্তব্যা মে কুকৃতনিচয়াস্তত্ত্বয়াস্যাস্তিতিক্ষো
স্যাচ্চেৎ পুত্রঃ কুপথপথিকো নৈব পিত্রাসহেয়ঃ ॥
যাবন্মাতুর্জঠরশয়িতস্তদ্রসৈঃ পোষিতাঙ্গো
দধ্যৌ তাবদ্ধরণিপতিতো যোগ যুক্তো যতিষে,
প্রত্যাবৃত্তং পুনরিতি ভবে হন্তকামস্ত হন্ত
জাতস্যাসীন্মম বিচলিতাস্তন্মতির্মায়য়াতে ॥
অপ্যস্বপ্নৈরবিদিতগুণং বর্ণিতুং ত্বামলং কঃ
পারে স্থিত্বা বিপুলতমসাং বিশ্বমেতদ্বিভর্ষি
সর্ব্বং ত্বত্তঃ প্রভবতি বিভো সর্ব্ববীজং ত্বমস্মি
ত্বন্মাহাত্ম্যে ভুবনমহিতে বেদকর্ত্তাপি মুগ্ধঃ ॥
ত্বং মে মাতা ত্বমসি জনিতাত্বঞ্চমে ভ্রাতৃবন্ধুঃ
কায়ে মে ত্বং পুনর্মনসে সংপ্রবোধঃ
সন্নপস্মিন্ বিরচিততনুস্ত্বং কলাভির্ভবেহহং
নো জানে যত্তবগুণগণং কিংস্বিদস্মাদ্বিচিত্রং ॥
আকাশংতে রুচিরচিকুরো দীপ্তবহ্নিশ্চ বক্ত্রং
চন্দ্রার্কৌতে নয়নযুগলং মারুতঃ শ্বাসবায়ুঃ
লোকেষু ত্বং পরমপুরুষস্তৎপরেনোস্তিকোঽপি
ধাতুর্ধাতা ত্বমসি ভগবন্ ভূতভর্ত্তুশ্চভর্ত্তা ॥
কল্পান্তে তে বপুষি বিপুলে সর্ব্বলোকাবিশন্তি
স্রষ্টুস্তত্ত্বঃ প্রভবতি পুনর্বিশ্বমেতদনন্তং
দত্ত্বা স্থানং পদসরসিজে সৃষ্টিভাবাস্তহেতো
মাং ত্রায়স্বাকৃতিজনমিতি প্রার্থয়ে ত্বাং পরেশ ॥

সমাপ্তা।